# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫১৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১) পুরুষদের পেছেনের কাতারে ও মহিলাদের প্রথম কাতারে থাকা এবং কাতার বাঁকা হওয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من تأخر الرجال إلى أواخر صفوفهم وتقدم النساء إلى أوائل صفوفهن ومن اعوجاج الصفوف

---

আরবী

(صحيح) وَعَنْ الْبَرَاءِ بْنِ عَازِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كَأَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَخَلَّلُ الصَّفَّ مِنْ نَاحِيَةٍ إِلَى نَاحِيَةٍ يَمْسَحُ صُدُورَنَا وَمَنَاكِبَنَا وَيَقُولُ لَا تَخْتَلِفُوا فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ وَكَانَ يَقُولُ إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى الصُّفُوفِ الْأُوَلِ. رواه أبو داود والنسائي وابن خزيمة وابن حبان

বাংলা

৫১৩. (সহীহ্) বারা বিন আযেব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মাঝে মধ্যে কাতারের এক প্রান্ত হতে অন্য প্রান্তে চলাফেরা করতেন। তিনি আমাদের বক্ষ ও কাঁধগুলোকে হাত দিয়ে বরাবর করে দিতেন। আর বলতেনঃ ’’তোমরা আগে-পিছে হয়ো না, নতুবা তোমাদের অন্তরে বিভেদ সৃষ্টি হবে।’’ তিনি আরো বলতেনঃ ’’নিশ্চয় আল্লাহ রহমত নাযিল করেন, ফেরেশতারা দু’আ করেন প্রথম দিকের কাতারগুলোর উপর।’’ অর্থাৎ প্রথম দিকের কাতারে নামায আদায়কারীদের জন্যে।

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ৬৬৪, নাসাঈ ২/৮৯, ইবনে খুযায়মা ৩/২৬, ইবনে হিব্বান)

ইবনে হিব্বানের অপর বর্ণনায় বলা হয়েছেঃ

كَأَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْتِينَا، فَيَمْسَحُ عَوَاتِقَنَا وَصُدُورَنَا وَيَقُولُ: " لَا تَخْتَلِفْ صُفُوفُكُمْ فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ، إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى الصَّفِّ الْأَوَّلِ،

রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের কাছে এসে আমাদের কাঁধ ও বক্ষগুলোকে হাত দিয়ে বরাবর করে দিতেন। আর বলতেনঃ

"তোমাদের কাতারগুলো যেন বক্র না হয়, নতুবা তোমাদের অন্তরে বিভেদ সৃষ্টি হবে। নিশ্চয় আল্লাহ রহমত নাযিল করেন, ফেরেশতারা দু’আ করেন প্রথম কাতারের উপর।"

ইবনে খুযায়মার অপর বর্ণনায় আছেঃ

لَا تَخْتَلِفْ صُفُوفُكُمْ فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ

"তোমাদের বক্ষগুলো আগপিছ রেখো না। নতুবা তোমাদের অন্তরে বিভেদ সৃষ্টি হবে।"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88293

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন